দৈনিক বাংলা

0 005

তারিখ ... 24.10.84 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 3 ...

# ৫২টি ভিটি ইনস্টিটিউট ১০ মাস বন্ধ

স্টাফ রিপোর্টার ॥

দেশের ৫২টি ভকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট দশ মাস ধরে বন্ধ। ছাত্ররা তাদের ৪ দফা পূরণের দাবীতে এই দীর্ঘ সময় ধর্মঘটের পর গত ২০শে অক্টোবর থেকে অনশন শুরু করেছে। জাতীয় প্রেসক্লাবে ও বগুড়ার ভিটিটিআই-এর সামনে এই অন-

(৫-এর পৃঃ দ্রঃ)

# ১০ মাস বন্ধ

(১ম পৃঃ পর)

শন চলছে।

ছাত্রদের ৪ দফা দাবীর মধ্যে রয়েছে ৬ মাস মেয়াদী মডিউলার কোর্সের বদলে আগের ন্যায় দু-বছর মেয়াদী কোর্স চালু, দু-বছরের কোর্স শেষে ডিপ্লোমা ইঞ্জিনীয়ারিং কোর্স পড়ার জন্যে আগের পাঁচ শতাংশের বদলে শতকরা ২৫ ভাগ ছাত্রকে সুযোগ দান, ভকেশনাল ইন্সটিটিউট-গুলোকে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে এনে আলাদা পরিদফতরের মাধ্যমে নিয়ন্ত্রণ ও চাকরির ক্ষেত্রে ট্রেড কোর্সধারীদের বেতন ডিপ্লোমা ইঞ্জিনীয়ারদের এক ধাপ নীচে নির্ধারণ।

প্রসঙ্গত উল্লেখ্য, দেশের কারিগরি চাহিদা পূরণের দিকে লক্ষ্য রেখে প্রায় ২০ বছর আগে ভকেশনাল ইনসটিটিউটগুলো চালু করা হয়। এসব প্রতিষ্ঠান গোড়া থেকেই শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ছিল। কিন্তু দু'বছর আগে সরকার এসব শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা ভার জনশক্তি উন্নয়ন ও শ্রম মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করেন।

জনশক্তি ও শ্রম মন্ত্রণালয়ের অধীনে যাবার পর এসব প্রতিষ্ঠানের দু'বছরের ট্রেড কোর্সের সময়সীমা পরিবর্তন করে ৬ মাসের মডিউলার কোর্স চালু করা হয়। এরপর থেকেই প্রতিষ্ঠানগুলোতে ছাত্র অসন্তোষ বিরাজ করছে।

বিভিন্ন কারিগরি শিক্ষাবিদ এ সম্পর্কে বলেছেন যে ৬ মাস মেয়াদী শিক্ষাকোর্স চালু করার ফলে শিক্ষার মান ও গুণগত উৎকর্ষতাই শুধু কমে যাবার আশংকা থাকছে না—এতে চাকরি ও উচ্চ শিক্ষার ক্ষেত্রেও মারাত্মক প্রতিবন্ধকতা সৃষ্টি করবে। তাদের অভিযোগ আন্তর্জাতিক ও বিদেশী সাহায্যে সংস্থাগুলোর চাপেই এই কোর্স চালু করা হয়েছে।

তারা বলেন যে বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ একমুখী-করণের স্বার্থেই দু'বছর মেয়াদী ট্রেড কোর্স চালু রাখা ও তাদের একটি নির্দিষ্ট অংশকে উচ্চশিক্ষার সুযোগ যেমন ডিপ্লোমা ইঞ্জিনীয়ারিং পড়ার সুবিধা দেয়া দরকার।

কারিগরি শিক্ষাবিদগণ আরো বলেন যে ভকেশনাল ট্রেনিং ইনসটিটিউটগুলোকে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করার সিদ্ধান্ত জাতীয় শিক্ষা নীতির পরিপন্থী। তারা বলেন যে বৃত্তিমূলক শিক্ষাকে দেশের শিক্ষা ব্যবস্থার অবিচ্ছেদ্য অংশ হিসেবে জাতীয় শিক্ষা ব্যবস্থায় যথোপযুক্ত স্থান দিতে হবে। এ অভিমত বাংলাদেশ শিক্ষা কমিশনেরও।

জানা গেছে, কারিগরি ছাত্রদের দীর্ঘ দিনের আন্দোলনের প্রেক্ষিতে ৪ দফা মূল্যায়নের জন্যে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে জাতীয় দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ কাউন্সিলের সভায় ৭টি সুপারিশ সরকারীভাবে চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে সম্প্রতি গৃহীত হয়েছে।

এসব সুপারিশের মধ্যে রয়েছে দক্ষতা মানের দ্বিতীয় ও তৃতীয় ধাপের জন্যে কোর্সের মেয়াদ হবে এক বছর করে দুটি পর্বে বিভক্ত দু'বছরের কোর্স, কোর্স কারিকুলাম, স্থানীয় ব্যবস্থাপনা কমিটি, বৃত্তি ও সার্টিফিকেট প্রদান সম্পর্কে আগের সুপারিশ গ্রহণ, ভিটিআইকে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনেই ন্যস্ত রাখা ও টিটিসি এবং ভিটিআইকে পর্যায়ক্রমে একত্রীভূত করার উদ্যোগ গ্রহণ।

অভিজ্ঞ মহল মনে করেন এসব সুপারিশ সরকারীভাবে গৃহীত হলে কারিগরি শিক্ষা ক্ষেত্রে যে অচলাবস্থা বিরাজ করছে তা সুরাহা হবার পরিবর্তে সমস্যা আরো বৃদ্ধি পাবে। তারা জাতীয় স্বার্থে সুপারিশগুলোর পুনর্মূল্যায়ন ও ছাত্রদের দাবীগুলোর যৌক্তিকতা যাচাই করে পদক্ষেপ গ্রহণ জরুরী বলে উল্লেখ করেছেন।

**বিভিন্ন সংগঠনের উদ্বেগ**

বাংলাদেশ কারিগরি শিক্ষা পরিদফতর ও পরিদফতরাধীন কর্মচারী সমিতি ও বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি পৃথক পৃথক বিবৃতিতে ভিটিআই ছাত্রদের অনশনে গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

সংগঠন দুটি দেশের বৃহত্তম স্বার্থে ছাত্র ও শিক্ষকদের যুক্তি-পূর্ণ ও ন্যায়সঙ্গত দাবীগুলো মেনে নিয়ে প্রতিষ্ঠানগুলো খোলার পদক্ষেপ গ্রহণ করার জন্যে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

**৫ জন অনশনকারী হাসপাতালে**

অনশন ধর্মঘটের ৪র্থ দিনে গত মঙ্গলবার পর্যন্ত ৫ জন অনশনকারীকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে খবর বিজ্ঞপ্তির।

---

যুগ-যুগান্তর শোষণ-বঞ্চনা, সম্পদের সুষম বন্টনের অভাব, প্রাকৃতিক ও মানব-সৃষ্ট নানা ধরনের দুর্যোগ, এবং ক্রমবর্ধ- ... হয়েই থাকে। আর বেকার যুবকের সংখ্যা যদি বেশি হয় তা হলে ব্যক্তিগত, পারিবারিক এবং জাতীয় পর্যায় অর্থনৈতিক, ... যুবকদের বিভিন্ন ট্রেডে যথাযথভাবে প্রশিক্ষণ দিয়ে উৎপাদন ও অর্থনৈতিক উন্নয়নের উপযোগী করে তুলতে পারলে, আমাদের এই মূল্যবান জনশক্তি ... তারা বেকারত্বও ঘুচাতে পারবে।

—নাগরিক